

📖 সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৩৫১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৭০৭]

৫২/ তাফসীর (كتاب تفسير)

পরিচ্ছেদঃ আল্লাহ তা'আলার বাণী, **ومنكم من يرد إلى أرذل العمر** "এবং তোমাদের মধ্যে কাউকে উপনীত করা হবে নিকৃষ্ট বয়সে"।

باب قوله ومنكم من يرد إلى أرذل العمر

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا هَارُونُ بْنُ مُوسَى أَبُو عَبْدِ اللَّهِ الْأَعْمُرُ، عَنْ شُعَيْبٍ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ - أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَدْعُو "أَعُوذُ بِكَ مِنَ الْبُخْلِ وَالْكَسَلِ، وَأَرْذَلِ الْعُمُرِ، وَعَذَابِ الْقَبْرِ، وَفِتْنَةِ الدَّجَالِ، وَفِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ".

বাংলা

باب قوله وأعوذ بك حتى يأتيك اليقين قال سالم (اليقين) الموت

অনুচ্ছেদঃ আল্লাহ তা'আলার বাণীঃ **وَأَعُوذُ بِكَ حَتَّى يَأْتِيَكَ الْيَقِينُ** ইয়াকীন তোমার কাছে উপস্থিত হওয়া পর্যন্ত তুমি তোমার রবের ইবাদত কর।

সালিম বলেন, **يَقِينُ** এখানে মৃত্যু অর্থে ব্যবহৃত হয়েছে।

সুরা নাহল

نَزَلَ بِهِ الرُّوحُ الْأَمِينُ, অন্য আয়াতে আল্লাহ তা'আলা বলেন, **الرُّوحُ الْأَمِينُ** অর্থাৎ জিবরীল (আঃ)। আমীন (জিবরীল) ওয়াহী নিয়ে অবতীর্ণ হয়েছেন। **فِي ضَيْقٍ** সংকটে কিংবা সংকুচিত হৃদয়ে। বলা হয়, **أَمْرٌ ضَيْقٌ** এবং ইবনু আব্বাস (রাঃ) মুশাদ্দাদ অথবা সাকিন (যেমন- **مَيْتٌ-مَيْتٌ-و-لَيْنٌ-لَيْنٌ-و-هَيْنٌ-و-هَيْنٌ**) এবং ইবনু আব্বাস (রাঃ) বলেন, **فِي تَقْلِبِهِمْ** তাদের সর্বত্র গমনাগমনে। মুজাহিদ (রহ.) বলেন, **تَمِيدُ** আন্দোলিত হয়। **مُفْرَطُونَ** বিস্মৃত অবস্থায় রাখা হবে। অন্যের মতে, **فَاسْتَعِذْ بِاللَّهِ** এ বাক্যটি আগ-পিছু রয়েছে। কেননা কুরআন পাঠের আগে আশ্রয় প্রার্থনা করতে হয়। অর্থাৎ আল্লাহকে আঁকড়িয়ে ধরা **شَاكِلَتِهِ** নিজ প্রকৃতি অনুযায়ী **قَصْدٌ** (আল্লাহর যিম্মায়) সরল পথ প্রদর্শন **الدَّفْعُ** যা দ্বারা তুমি শীত নিবারণ কর। **تُرِيحُونَ** বিকেল বেলা

(পশুগুলিকে চারণ ভূমি থেকে গৃহে) নিয়ে আস। تَسْرَحُونَ সকাল বেলায় নিয়ে যাও। عَلَى بِشِقِّ কষ্টের সঙ্গে। عَلَى কম করার মাধ্যমে لَعِبْرَةً (আন'আমের মধ্যে অবশ্যই শিক্ষা রয়েছে) الْأَنْعَامِ শব্দটি পুং বাচক ও স্ত্রীবাচক দুইই ব্যবহার হয়। এরূপ أَنْعَام - শব্দটি نَعَام এর বহুবচন। سَرَابِيلُ জামাগুলো। تَقِيَكُمْ الْحَرَّ (তাপ থেকে তোমাদের রক্ষা করে) এবং سَرَابِيلَ تَقِيَكُمْ بِأَسْكُمُ (যা তোমাদের যুদ্ধ-আঘাত থেকে রক্ষা করে) دَخَلَ بَيْنَكُمْ যে কোন কাজ অযথার্থ হয় তাকে 'দাখাল' বলে। ইবনু 'আব্বাস (রাঃ) বলেন, حَفْدَةُ পৌত্র অর্থাৎ এরাও নিজ সন্তান বলে গণ্য। السَّكْرُ মাদক, যা ফল থেকে তৈরি করা হয়, তা হারাম করা হয়েছে। الرِّزْقُ الْحَسَنُ (উত্তম খাদ্য) যা আল্লাহ্ হালাল করেছেন।

ইবনু 'উয়াইনাহ সাদাকা (রহ.) থেকে বর্ণনা করেছেন, أَنْكَأْتُ (টুকরো টুকরো করা) মক্কায় এক নির্বোধ মহিলা যে মজবুত করে সূতা পাকানোর পর তা টুকরো টুকরো করে ফেলত। ইবনু মাস'উদ (রাঃ) বলেন, الْأُمَّةُ কল্যাণের শিক্ষাদানকারী। الْفَانِتُ অনুগত।

৪৩৫১। মুসা ইবনু ইসমাইল (রহঃ) ... আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই দোয়া করতেন, (হে আল্লাহ!) আমি আপনার কাছে আশ্রয় চাই কৃপণতা থেকে, অলসতা থেকে, নিকৃষ্ট বয়স থেকে* কবরের আযাব থেকে, দাজ্জালের ফিতনা থেকে এবং জীবন ও মৃত্যুর ফিতনা থেকে।

English

Narrated Anas bin Malik:

Allah's Messenger (ﷺ) used to invoke thus: "O Allah! I seek refuge with You from miserliness, laziness; from old geriatric age the punishment in the grave; from the affliction of Ad-Dajjal; and from the afflictions of life and death.

ফুটনোট

[৩] বার্ষিক্যজনিত জরা।

সালাতের শেষভাগে তিনি এই দুয়া করতেন [সালাম ফেরানোর আগে]

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=4629>

হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন